# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

বিজ্ঞপ্তি নং- ৫০ | তারিখ: ২৬/০২/২০২৫ খ্রি.

২০২৪ সালের ডিগ্রি (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সে ভর্তি/রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২৪ সালের ডিগ্রি (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সে ভর্তি/রেজিস্ট্রেশনের জন্য শিক্ষার্থীদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা ও শর্তাবলী : | ক) বাংলাদেশের স্বীকৃত যে কোনো শিক্ষাবোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২২ সাল বা তৎপূর্বে এইচএসসি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর এবং তৎসংশ্লিষ্ট এসএসসি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ অথবা সনাতন পদ্ধতিতে ৪০% নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২৪ সালের ডিগ্রি (পাস) প্রাইভেট (বিএ/বিএসএস/বিবিএস) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। |
| | খ)। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ( যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোনো শিক্ষার্থী ২০২৪ সালের ডিগ্রি (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৪ সালের ডিগ্রি (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সে আবেদন করতে পারবে। |
| | গ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোনো শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। |
| | ঘ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোনো শিক্ষার্থী ডিগ্রি (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না। |
| | ঙ) বাংলাদেশের স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রি (পাস)/ স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা যে সকল বিষয় নিয়ে ডিগ্রি (পাস)/ স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে, সে সকল বিষয় ছাড়া নিম্নবর্ণিত যে কোনো একটি বিষয় নিয়ে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য অনুমোদিত বিষয়সমূহ: ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা। |
| | চ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোনো শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না। |
| ভর্তি/রেজিস্ট্রেশনের আবেদনের তারিখ: | ২৬/০২/২০২৫ তারিখ থেকে ১৬/০৩/২০২৫ খ্রি. পর্যন্ত করা যাবে। |
| আবেদন পদ্ধতি: | আবেদন ফরম পূরণের জন্য আবেদনকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Degree Pass এ প্রবেশ করে Blank Data Entry Form - Degree (Pass) Private অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে পারবে। সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারীকে Blank Data Entry Form – (Private Certificate Course) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। Blank Data Entry Form এর মাধ্যমে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) কোর্স/বিষয়ের তালিকা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে তার প্রার্থিত কোর্স/বিষয়ের পছন্দ নির্ধারণ করতে হবে। চাঁদপুর সরকারি কলেজে আবেদনের ক্ষেত্রে কলেজ কোড- ৩৯০১। আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজ রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০ x ১৫০ Pixels,Image Type:Jpg Maximum File Size: 50Kb. সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিনকোড প্রদর্শিত হবে এবং ফরমটি Download করে A4 (8.5''X 11'') অফসেট কাগজে (Print) কপি নিতে হবে। |

| ভর্তিচ্ছুক কোর্সসমূহ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ |
|---|---|---|
| ক) বি এ (পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | নিম্নের প্রদত্ত তিনটি গুচ্ছ থেকে একটি করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে। কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নেয়া যাবে না।<br>ক গুচ্ছ ঃ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।<br>খ গুচ্ছ ঃ দর্শন/ ইসলাম শিক্ষা<br>গ গুচ্ছ ঃ অর্থনীতি/ রাষ্ট্রবিজ্ঞান। |
| খ) বি এস এস (পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (এক) টিসহ মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।<br>ক গুচ্ছ ঃ অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞান<br>খ গুচ্ছ ঃ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইসলাম শিক্ষা/ দর্শন। |
| গ) বি বি এস(পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস(১ম বর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | ক গুচ্ছ ঃ বিষয়সমূহ – অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা। |
| ফি প্রদান পদ্ধতি | বিকাশ অথবা নগদ অ্যাপস্-এর Education Fee (এডুকেশন ফি) অপশনে প্রবেশ করে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে অনলাইনে আবেদন ফরমের Admission Roll (যা ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লেখ আছে) লিখে March-25 Select করে আবেদন ফি বাবদ ১০৩৫/-(এক হাজার পঁয়ত্রিশ) টাকা (সার্ভিস চার্জ স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে ট্যাপ করে Payment সম্পন্ন করতে হবে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ০২/০৩/২০২৫ তারিখ হতে ১৬/০৩/২০২৫ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে ফি জমা প্রদান করতে হবে। বিকাশ অথবা নগদ অ্যাপস এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধের পর আবেদন ফরম ও ফি জমাদানের রশিদ ০৫/০৩/২০২৫ তারিখ হতে ১৬/০৩/২০২৫ তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যাতিত) অবশ্যই কলেজ অফিসে জমা দিতে হবে। অন্যথায় রেজিস্ট্রেশন আবেদন নিশ্চয়ন সম্ভব হবে না। ১৬/০৩/২০২৫ তারিখের মধ্যে আবেদনকারীর মোবাইলে আবেদন নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। উক্ত তারিখের মধ্যে নিশ্চয়ন SMS না পেলে ১৭/০৩/২০২৫ তারিখের মধ্যে কলেজের হট লাইন নাম্বার ০১৭৩০৫৮৮৮৭৩ (সকাল ১০:০০ থেকে ২:০০টা পর্যন্ত)-এ যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |

২৬।০২।২০২৫

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি:
১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৩। কলেজ ওয়েবসাইট: www.chandpurcollege.edu.bd
৪। অফিস নথি।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।